THE 14TH STEP

www. tawheedullaah.com

আমরা খুব সহজে আশা করি আমরা জান্নাতে দৌড়ে চলে যাবো শুধুমাত্র "**লা-ইলাহা ইল্লাল্লাহ**" বললেই!!

আসলে কি তাই???

আসুন জানি,

জান্নাতে যাওয়ার আগের স্তরগুলো আর মৃত্যুর পুর্বে নিজেদের ঈমান ঠিক করে নেই।

STEP: 1

কবরঃ

কবর আখিরাতের **প্রথম** ধাপ। এখান থেকে জান্নাতের সার্টিফিকেট নিয়ে যেতে হবে।এখানে **৩** টি প্রশ্নের উত্তর না দিতে পারলে শাস্তি শুরু হয়ে যায় **হাতুড়ি পিটানোর** মাধ্যমে। গীবত করা, নামাজ আদায় না করা, কুর'আন পরিত্যাগ করা, যেনা-ব্যাভিচার, সুদ খাওয়া, পেশাব থেকে পবিত্র না থাকা ইত্যাদি কারনে কবরে আযাব হবে। আর মু'মিনরা কবরে **জান্নাতি বাগিচার** মধ্যে থাকবে।

STEP: 2

শিঙ্গায় ফুৎকারঃ

২ বার শিঙ্গায় ফুঁ দেয়া হবে। প্রথমে **আসমান জমিন ধ্বংস** হবে পরবর্তীতে আবার ফুঁ দিলে নতুন **হাশার** তৈরি হবে।

STEP: 3

পুনরুত্থানঃ

এরপর বৃষ্টি হবে মানুষ তার **মেরুদন্ডের শেষাংশ** থেকে গজিয়ে উঠবে।

STEP: 4

হাশারঃ

৫০ হাজার বছরের মত এক একটি দিন হবে। মানুষ তার আমাল অনুযায়ী সেদিন উঠবে। পাপীরা শাস্তি পেতে পেতে অস্থির হয়ে যাবে আর ইমানদারদের কাছে আরামে জোহরের নামাজের মত অল্প সময়ে শেষ হয়ে যাবে।

STEP: 5

শাফা’আতঃ

শুধুমাত্র **রসুল(সঃ)** এর দ্বারা শাফা’আত হবে। বিচার শুরু করার জন্য, জান্নাতে নেয়ার জন্য ইত্যাদি কারনে।

STEP: 6

হিসাবঃ

লাইনে দাঁড়িয়ে প্রত্যেককে তার
জীবন, **যৌবন**, **সময়**, **সম্পদ**, **বিদ্যা**, **নিয়ামাত**
সম্পর্কে হিসাব নেয়া হবে। প্রথম হিসাব হবে
নামাজের আর প্রথম বিচার হবে **খুনের**।

STEP: 7

আমলনামাঃ

মু’মিনকে **ডান হাতে** আর কাফের, মুনাফিককে **বাম হাতে পিছন দিক** থেকে বাম হাতে আমাল নামা দেয়া হবে। সুক্ষ থেকে সুক্ষ হিসাব সেখানে থাকবে।

STEP: 8

মিজানঃ

এখলাসপুর্ন এবাদাত গুলো মিজানের পাল্লায় রেখে হিসাব করা হবে। এখান থেকে ফলাফল করা হবে কে **জান্নাতে** যাবে আর কে **জাহান্নামে**।

STEP: 9

হাওজে কাওছারঃ

সকল মু’মিনরা যারা **বিদ’আত** এর ধারেও যায়নি তাদেরকে রসুল(সঃ) এই পানি পান করাবেন। তারপর সে কখনো **তৃষ্ণার্ত** হবে না।

STEP: 10

মু’মিনের পরীক্ষাঃ

এরপর হাশার এর শেষ দিকে **আল্লাহ তারঁ পায়ের গোছা** বের করে দেবেন *(সুরা কলমঃ ৪২)* একমাত্র মু’মিনরাই **সিজদাহ** করতে পারবে আর মুনাফিকদের **পিঠ শক্ত** হয়ে যাবে। এরই মধ্যে কাফের-মুশরিকদের ধরে জাহান্নামে ফেলে দেয়া হবে।

STEP: 11

পুলসীরাতঃ

এখানে মু’মিনরা তাদের **আমাল অনুপাতে** দ্রুত পুল পার হয়ে যাবে।আর আমাল যার অনেক কম সে অনেক **কষ্টে** পার হবে **কেটে, ছিড়ে, জখম** হয়ে। অনেক সময় নিচে পরে জাহান্নামে চলে যাবে।

STEP: 12

জাহান্নামঃ

এতে আছে ৭ টি দরজা (স্তর)। প্রথমে কাফিররা তারপর পাপী মু'মিনরা, তারপর মুনাফিকরা জাহান্নামে যাবে। এতে থাকবে **কঠিন আযাব** চিরস্থায়ী শাস্তি।

STEP: 13

কানতারাঃ

এটা ছোট একটা **ব্রীজ** যেখানে **মু'মিন মু'মিনরা** পরস্পরের অত্যাচার এর বদলা নেবে। অনেক সময় এই বদলা জাহান্নামে নিয়ে যাবে। এখানে **পবিত্র** হয়ে জান্নাতের দরজায় যাবে।

STEP: 14

জান্নাতঃ

এ ব্যাপারে কিছুই বলার নেই সেখানে কল্পনাতীত আরাম আর আরাম। খাবেন দাবেন ঘুরবেন, স্ত্রী হুর পাবেন, মার্কেটে মার্কেটিং করবেন, সকল নাবী রসুলগনদের সাহাবাদের (যাদের কথা আপনি আমি কুর'আন ও হাদীসে পড়ে আসছি যাদের কথা আল্লাহ্ নিজে বলেছেন)সাথে দেখা সাক্ষাত হবে তাদের সাথে আনন্দ নিয়ে চলবেন।

সবচেয়ে বড় হল,

মহান আল্লাহকে নিজ চোখে দেখবেন

ইয়া আল্লাহ ,

তুমি আমাদের

শিরক কুফুরী হারাম

থেকে বেঁচে থাকার তাওফীক দাও আমাদের

নাফসের ভুলত্রুটি গুলো মাপ করে দাও

এবং ঐ কঠিন সময়ে আমাদের নিজ

রহমতে রক্ষা করো

আমীন